

প্রত্যাশার ২০০৭

দেখতে দেখতে শেষ হয়ে যাচ্ছে

বিশ্ব জুড়ে মানবতার মৃত্যু বৎসর,
এই বছরে আমরা পেয়েছি ইতিহাসের পিছন ফিরে হাঁটা,
অনাচার অবিচার আর নিপীড়নের বাধ ভাঙা জোয়ারের ঢল,
নারী আর শিশুদের জন্য উপহার দিয়েছি কারবালার মাতম।
বিভবানেরা হারিয়েছে তাদের চিত্তের প্রসারতা,
দরিদ্ররা ক্ষুদ্র থেকে হয়েছে ক্ষুদ্রতম,
শাসনে ভাষণে সমস্ত বিশ্বে বিশ্রী শৃঙ্খলহীনতা।

এই বছর চিহ্নিত হয়েছে সন্ত্রাসের বছর -

তথ্য সন্ত্রাস, অর্থ সন্ত্রাস, আনাচে কানাচে বারোয়ারি সন্ত্রাস,
আন্তর্জাতিক অঙ্গনে বিশাল মাত্রার বিশ্ব সন্ত্রাস।
এ বছরে আমরা অভিজ্ঞ কুটচাল শিখেছি,
কী করে মিথ্যে ঢাকতে হয় তার কুটকৌশল শিখেছি,
অন্যের সম্পদ কুক্ষিগত করার কলাকৌশল শিখেছি,
সত্যকে হত্যা করে চারদিকে বসিয়েছি ইবলিসের হাট।

কলঙ্কিত এ বছর নিপাত যাক, নিশ্চিহ্ন হোক,
ইতিহাস থেকে এ বছরটি গায়েব হয়ে যাক চিরতরে,
অমানুষ হিসাবে আমাদের পরিচয় মুছে যাক চিহ্নহীন।

দেখা যাক, নতুন বছরে আমরা মানুষ হতে পারি কিনা।

এই স্বপ্ন নিয়ে প্রত্যাশার শুভালোকে

অভিষিক্ত হোক - ২০০৭।